352155 - Amazon Mechanical Turk ওয়েবসাইটে চাকুরী করার হুকুম কী?

প্রশ্ন

Amazon Mechanical Turk ওয়েবসাইটে চাকুরী করা কি জায়েয আছে? এটি এমন একটি ওয়েবসাইট যা বিশাল সংখ্যক চাকুরীপ্রার্থীদেরকে নিয়োগকারী কোম্পানীগুলোর সাথে যোগাযোগ করিয়ে দেয়। যে কোম্পানীগুলো তাদেরকে অনিয়মিত এমন কিছু কাজ দেয় যে কাজগুলো এখন পর্যন্ত স্বয়ংক্রিয় কম্পিউটার করতে পারে না। Mechanical Turk মানে হচ্ছে "তুর্কি ম্যাকানিকি"। এটি আসলে কী? এটি কি কোন প্রতিমার নামে নামকরণ করা হয়েছে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এমন কোন ওয়েবসাইট খুলতে কোন অসুবিধা নাই যার মাধ্যমে কিছু কমিশনের বিনিময়ে চাকুরীপ্রার্থীদেরকে চাকুরী পাইয়ে দেয়া হয় এবং চাকুরীদাতাদের সাথে তাদের যোগাযোগ করিয়ে দেয়া হয়। চুক্তি মোতাবেক এই কমিশন চাকুরীপ্রার্থীর কাছ থেকে গ্রহণ করা হোক কিংবা চাকুরীদাতার কাছ থেকে গ্রহণ করা হোক কিংবা উভয়ের কাছ থেকে গ্রহণ করা হোক। এটি প্রতিনিধিত্বের অধিভুক্ত।

ইমাম বুখারী তাঁর 'সহিহ' গ্রন্থে বলেন:

'প্রতিনিধির পারিশ্রমিক শীর্ষক পরিচ্ছেদ'। ইবনে সিরিন, আতা, ইব্রাহিম ও হাসান প্রতিনিধির পারিশ্রমিক গ্রহণ করায় আপত্তির কিছু মনে করতেন না।[সমাপ্ত]

এক্ষেত্রে শর্ত হলো: ওয়েবসাইট কর্তৃপক্ষ যেন কেবল বৈধ কাজের মধ্যস্থতা করেন। কোন হারাম কাজের মধ্যস্থতা করা নাজায়েয। এর দলিল হলো আল্লাহ্ তাআলার বাণী: "তোমরা সৎকর্ম ও তাকওয়ার ক্ষেত্রে একে অপরকে সহযোগিতা কর। পাপাচার ও সীমালংঘনে একে অপরকে সহযোগিতা করো না।"[সূরা আল-মায়েদা, আয়াত: ২]

Amazon Mechanical Turk ওয়েবসাইটে চাকুরী করতে কোন অসুবিধা নাই; যদি চাকুরীজীবী কোন হারাম কিছুতে সহযোগিতা না করে।

ধরে নেয়া যাক চাকুরীপ্রার্থীরা কিছু হারাম কাজ সন্ধান করে; কিন্তু এই চাকুরীজীবী এগুলো থেকে দূরে থাকে এবং কোনভাবে তাতে সাহায্য করে না তাহলে তার চাকুরী করা জায়েয।

আল্লাহ্ই সর্বজ্ঞ।